



**NYC Children**

## কিভাবে আরো বেশি জানবেন

পারিবারিক মূল্যায়ন প্রকল্প কেন্দ্রের অবস্থানগুলো  
সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল  
5টা পর্যন্ত খোলা থাকে  
ইমেল মারফত অনুসন্ধান:  
[FAPinquiry@acs.nyc.gov](mailto:FAPinquiry@acs.nyc.gov)

**Manhattan** বসবাসরত পরিবারবর্গের জন্য:  
Manhattan Family Court  
60 Lafayette Street, 2nd floor  
New York, NY 10013  
(212) 341-0012

**Brooklyn** বসবাসরত পরিবারবর্গের জন্য:  
345 Adams Street, 8th floor  
Brooklyn, NY 11201  
(718) 260-8550

**Queens** বসবাসরত পরিবারবর্গের জন্য:  
Queens Family Court, 4th floor  
151-20 Jamaica Avenue,  
Jamaica, NY 11433  
(646) 599-3308 or (718) 725-3244

**Bronx** বসবাসরত পরিবারবর্গের জন্য:  
Family Resource Center  
260 East 161st Street, Sublevel  
Bronx, NY 10451  
718-664-1800

**Staten Island** বসবাসরত পরিবারবর্গের জন্য:  
350 St. Mark's Place, 5th floor  
Staten Island, NY 10301  
(718) 720-0071

## পরিবারের মূল্যায়ন প্রকল্প



কিশোর-কিশোরীদের এবং তাদের পরিবারকে প্রতিদিনের  
চ্যালেঞ্জগুলি মোকাবেলায় সহায়তা করা

যুব ও পরিবার ন্যায়ের বিভাগ

**NYC Children**

## FAP কী?



নিউ ইয়র্ক সিটির শিশু পরিষেবা প্রশাসনের পারিবারিক মূল্যায়ন প্রকল্প (Family Assessment Program, FAP) সেইসব পরিবারকে সাহায্য করে যারা প্রতিদিনের সমস্যা মোকাবেলায় সংঘর্ষ করে চলেছে।

FAP হল PINS [পার্সনস ইন নিড অব সুপারভিশন (Persons In Need of Supervision)] সিস্টেমের মাধ্যমে পারিবারিক আদালতে যেতে চান এমন পরিবারদের জন্য প্রয়োজনীয় প্রথম ধাপ।

## পরিবারের মূল্যায়ন প্রকল্প কী?

পরিবাররা বেশিরভাগ সময় মানসিক চাপ নিয়ে সমস্যায় থাকে। অভিভাবক হয়ে নিজের চাহিদার পাশাপাশি বাচ্চাদের নিয়মিত সহায়তা প্রদান করা কঠিন কাজ। কিশোর-কিশোরী হয়েও সব সময় যে তা সহজ তাও নয়। আপনার জীবনের সবকিছুর যেমন স্কুল, বন্ধু, ঘরের কাজ ও কাজের ভারসাম্য বজায় রাখতে উপায় খোঁজা ক্লাস্তিকর এবং চাপের হতে পারে।

নিউ ইয়র্ক সিটির শিশু পরিষেবা প্রশাসনের পারিবারিক মূল্যায়ন প্রকল্প (Family Assessment Program, FAP) সেইসব পরিবারকে সাহায্য করে যারা প্রতিদিনের সমস্যা মোকাবেলায় সংগ্রাম করছে। FAP হল একটি বিকল্প পথ খোঁজার প্রকল্প। এটি এমন একটি প্রকল্প যার মাধ্যমে আদালতে না এসে পারিবারিক সমস্যার সমাধান করতে সাহায্য করা হয়। মূল্যায়ন, একক উপদেশ, কাউন্সেলিং এবং একগুচ্ছ কমিউনিটি ও গৃহ ভিত্তিক পরিষেবা রফার করার

মাধ্যমে, FAP পরিবারদের ক্ষমতায়ন করে ও সংঘাত কমায়।

FAP-এর থেকে বিকল্প পরিষেবা পাওয়ার বিষয়টি সম্পূর্ণভাবে স্বেচ্ছামূলক। FAP হল PINS [পার্সনস ইন নিড অব সুপারভিশন (Persons In Need of Supervision)] সিস্টেমের মাধ্যমে পারিবারিক আদালতে যেতে চান এমন পরিবারদের জন্য প্রয়োজনীয় প্রথম ধাপ। কোনো PINS পিটিশন দাখিল করার আগে, পরিবারটিকে অবশ্যই FAP-এ অংশ নিতে হবে। এটি হল পরিবারদেরকে নিজেদের কমিউনিটি সাহায্য পাওয়ার জন্য বিভিন্ন পরিষেবার খোঁজ পাওয়ার উপায়। অন্য সব বিকল্প নিঃশেষ না হওয়া অবধি FAP কোনো পরিবারকে পারিবারিক আদালতে PINS পিটিশন দাখিল করতে সাহায্য করবে না।

## FAP থেকে কী প্রত্যাশা করবেন?

যখন কোনো পরিবার প্রথমে, পারিবারিক মূল্যায়ন প্রকল্পে আসবে, তখন FAP-এর কর্মীরা আমন্ত্রণ জানাবে ও প্রকল্পের সঙ্গে পরিচয় করিয়ে দেবে। যদি পরিবার অংশ নেয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে পারিবারিক সঙ্কট সমাধানে একজন বিশেষজ্ঞ সমাজকর্মী তাদের সাফাভাকার নেবেন।

নিযুক্ত সমাজকর্মী প্রতিটি পরিবারের সঙ্গে কথা বলে সেই পরিস্থিতি বোঝার চেষ্টা করবেন যার কারণে তারা FAP-তে

এসেছেন। এর পাশাপাশি পরিবারের সমস্যা সমাধানের জন্য সবথেকে সহায়ক ও বাস্তবিক বিকল্প খুঁজবেন। সমাজকর্মী পরিবারের উদ্বেগ, শক্তিশালী দিক ও পরিস্থিতি সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। এই কথোপকথনের ভিত্তিতে, সমাজকর্মী পরিবারের সমস্যা সমাধানের জন্য সবথেকে সহায়ক ও বাস্তবিক বিকল্প খুঁজবেন।

## FAP কি আমার পরিবারের জন্য ভালো?

FAP 18 বছর বয়স অবধি বাচ্চা থাকা পরিবার যারা একে অপরের সঙ্গে সংযুক্ত হতে পারছে না তাদের পরিষেবা প্রদান করে।

অল্পবয়স্ক ব্যক্তিটি যখন এইসব কাজ করে তখন FAP সাহায্য পেতে পারে:

- স্কুল না যাওয়া অথবা শিক্ষক বা ক্লাসে সমস্যা হওয়া।
- নিঁখোজ বা বারবার বাড়ি থেকে পালানো।

- মাদক সেবন বা মদ্যপান।
- নেগেটিভ সহপাঠীর সঙ্গে সহযোগী করা।
- মানসিক সমস্যায় ভোগা।
- মানহানি বা বিপজ্জনক আচরণ করা।

যে কোনো পরিবার FAP থেকে সাহায্য পেতে পারেন। FAP থেকে সাহায্য পেতে আপনার খোলা ACS কেসের দরকার নেই।